ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৩৪

সোনামুড়া, ৩০ জুলাই, ২০২৫

**কাঁঠালিয়া ব্লকে এমজিএন রেগায় ৩টি চেকড্যাম ও ১টি সেচের নালা খনন**

চাষাবাদের সুবিধার্থে গত অর্থবর্ষে কাঁঠালিয়া ব্লকের কালীখলা এডিসি ভিলেজ এলাকাতে এমজিএন রেগায় ৩টি চেকড্যাম নির্মাণ করা হয়েছে। ব্যয় হয়েছে ৮ লক্ষ ৫০ হাজার ৯৫০ টাকা। এই কাজে শ্রমদিবস সৃষ্টি হয়েছে মোট ৩ হাজার ৬৬৩টি। এছাড়া কৃষি জমিতে জলসেচ ও জল নিষ্কাশনের জন্য ১টি সেচের নালা খনন করে দেওয়া হয়েছে। এতে ২ লক্ষ ৭৩ হাজার ৮৯০ টাকা ব্যয় হয়েছে। একাজে ১ হাজার ১২৭টি শ্রমদিবস সৃষ্টি করা হয়েছে।

******